সংবাদ

তারিখ ১৪ JUN 2009
পৃষ্ঠা ১২ কলাম ৬

পদযাত্রা অনুষ্ঠানে জিএম কাদের

# শিশুদের পুষ্টির জন্য প্রতিটি স্কুলে টিফিনের ব্যবস্থা করবে সরকার

নিজস্ব বার্তা পরিবেশক

স্কুলগামী ক্ষুধার্ত শিশুদের পুষ্টির জন্য সরকার প্রতিটি স্কুলে টিফিনের ব্যবস্থা করবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী জিএম কাদের। শিশুদের জন্য ক্ষুধামুক্ত পৃথিবী গড়ার প্রত্যয়ে গতকাল রোববার রাজধানীতে ব্যতিক্রমধর্মী এক পদযাত্রা অনুষ্ঠিত হয়। পদযাত্রা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জিএম কাদের এ কথা বলেন। পদযাত্রায় রাজধানীর বিভিন্ন স্কুলের শত শত শিক্ষার্থী, বিভিন্ন ব্যাংক ও সেবামূলক প্রতিষ্ঠানের কর্মী, নাটক ও চলচ্চিত্রসহ সমাজের বিভিন্ন অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিত্বরা অংশ নেন।

স্কুলগামী ক্ষুধার্ত শিশুদের জন্য তহবিল সংগ্রহ ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) উদ্যোগে সকাল দশটা থেকে বেলা বারোটা পর্যন্ত এ বর্ণাঢ্য পদযাত্রা অনুষ্ঠিত হয়।

সরকার : পৃ: ২ ক: ৮

## সরকার : টিফিনের

(১২ পৃষ্ঠার পর)

জাতিসংঘের বাংলাদেশ অফিস শেরেবাংলা নগর আইডিবি ভবন থেকে শুরু হয়ে চন্দ্রিমা উদ্যান ঘুরে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসে শেষ হয়। এতে নেতৃত্ব দেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী জিএম কাদের। পদযাত্রায় অংশ নেয়া অন্যদের মধ্যে ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. মুহম্মদ জাফর ইকবাল, কথা সাহিত্যিক আনিসুল হক, লেখক ইমদাদুল হক মিলন, নাট্যাভিনেত্রী শমী কায়সার, জাহিদ হোসেন, অভিনেতা ওমর সানী, মৌসুমী, উপস্থাপক আবদুন নূর তুষার, বিশ্ব খাদ্য কর্মসূচির বাংলাদেশ প্রতিনিধিজন অ্যাইলিক প্রমুখ। অংশগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বরা দেশের অভুক্ত শিশুদের ক্ষুধা নিবারণে কাজ করার অঙ্গীকার করেন।

পদযাত্রা শেষে এক সংক্ষিপ্ত বক্তৃতায় মন্ত্রী জিএম কাদের বলেন, ক্ষুধার্ত শিশুদের পুষ্টির জোগান দেয়ার জন্য দেশের প্রত্যেকটি স্কুলে টিফিন চালু করতে সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচি একযোগে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে বহু স্কুলে টিফিন চালু করা হয়েছে।